সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
Social Development Foundation (SDF)
অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং- এসডিএফ/বি-স্ট্রং/এইচআর/এইচকিউ/রিক্রুট/২০২৬/১৬৪৯ তারিখ: ১৮/০৬/২০২৬খ্রি.

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে ২০০০ সাল থেকে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনে বিভিন্ন ধরনের প্রকল্প বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় বিশ্বব্যাংকের ঋণে এবং বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় এসডিএফ ৫ বছর মেয়াদি Bangladesh Sustainable Recovery, Emergency Preparedness and Response Project (B-STRONG) প্রকল্প চট্টগ্রাম ও সিলেট বিভাগের ১০টি জেলায় বাস্তবায়ন করছে। এ লক্ষ্যে নিম্নেবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://sdf.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম. | পদের নাম, সাকুল্যে বেতন ও বয়স | শর্ত: শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| **প্রধান কার্যালয়:** | | |
| ১ | স্পেশালিষ্ট (কমিউনিটি ফিন্যান্স অ্যান্ড লাইভলীহুড)<br>বেতন (সর্বসাকুল্যে): ১৬০,৯০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪৫ বছর | (ক) বাণিজ্য/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন/অর্থনীতি/ডেভেলপমেন্ট স্টাডিস বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে লাইভলীহুড বিষয়ক কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতাসহ কমিউনিটি ফিন্যান্স অ্যান্ড লাইভলীহুড সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| **আঞ্চলিক কার্যালয়:** | | |
| ২ | রিজিওনাল ম্যানেজার (কমিউনিটি ফিন্যান্স অ্যান্ড লাইভলীহুড)<br>বেতন (সর্বসাকুল্যে): ৯৯,০০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪২ বছর | (ক) বাণিজ্য/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন/অর্থনীতি/ডেভেলপমেন্ট স্টাডিস বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে লাইভলীহুড বিষয়ক কাজে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ কমিউনিটি ফিন্যান্স অ্যান্ড লাইভলীহুড সংক্রান্ত কাজে ন্যূনতম ৭ (সাত) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | রিজিওনাল ম্যানেজার (ফিন্যান্স অ্যান্ড একাউন্টস)<br>বেতন (সর্বসাকুল্যে): ৯৯,০০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪২ বছর | (ক) হিসাব বিজ্ঞান/ফিন্যান্স/ব্যবসায় প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে হিসাব ব্যবস্থাপনা বিষয়ক কাজে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ হিসাব সংক্রান্ত কাজে ন্যূনতম ৭ (সাত) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | রিজিওনাল ম্যানেজার (এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল)<br>বেতন (সর্বসাকুল্যে): ৯৯,০০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪২ বছর | (ক) বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিই/সিইই) ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে নির্মাণ, পরিবেশ ও সামাজিক সুরক্ষা বিষয়ক কাজে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ পরিবেশ ও সামাজিক সুরক্ষা ও উন্নয়ন কাজে ন্যূনতম ৭ (সাত) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫ | রিজিওনাল ম্যানেজার - টিম লিডার (অ্যাপ্রাইজাল অ্যান্ড মনিটরিং)<br>বেতন (সর্বসাকুল্যে): ৯৯,০০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪২ বছর | (ক) যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ।<br>(খ) উন্নয়ন প্রকল্পে মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন বিষয়ক কাজে ৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ এ সংক্রান্ত কাজে ন্যূনতম ৭ (সাত) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬ | অ্যাসিসটেন্ট রিজিওনাল ম্যানেজার (অ্যাপ্রাইজাল অ্যান্ড মনিটরিং)<br>বেতন (সর্বসাকুল্যে): ৮৩,৩০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪২ বছর | (ক) যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন সংক্রান্ত কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| **ক্লাস্টার অফিস:** | | |
| ৭ | ক্লাস্টার কো-অর্ডিনেটর<br>বেতন (সর্বসাকুল্যে): ৬০,৯০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪০ বছর | (ক) যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠী অর্থাৎ প্রকল্পের উপকারভোগী চিহ্নিতকরণ, দল গঠন ও সংগঠন উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, ঋণ কার্যক্রম, জীবিকা উন্নয়ন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮ | ক্লাস্টার ফ্যাসিলিটেটর (সাধারণ)<br>বেতন (সর্বসাকুল্যে): ৪৯,৬০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪০ বছর | (ক) যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>(খ) উন্নয়ন প্রকল্পে গ্রাম পর্যায়ে দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও দক্ষতা উন্নয়নসহ কর্মসংস্থান সৃষ্টিতে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৯ | ক্লাস্টার ফ্যাসিলিটেটর (এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল)<br>বেতন (সর্বসাকুল্যে): ৪৯,৬০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪০ বছর | (ক) কমপক্ষে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি/বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিই/সিইই) ডিগ্রি।<br>(খ) নির্মাণ, পরিবেশ ও সামাজিক সুরক্ষার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। |

| ক্রম. | পদের নাম, সাকুল্যে বেতন ও বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১০ | ক্লাস্টার ফ্যাসিলিটেটর (এমইএল অ্যান্ড এমআইএস)<br>বেতন (সর্বসাকূল্যে): ৪৯,৬০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪০ বছর | (ক) যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি/কম্পিউটারে ডিপ্লোমা এবং কম্পিউটার অপারেশনে কমপক্ষে ৬ (ছয়) মাসের কোর্স সম্পন্ন থাকতে হবে।<br>(খ) উন্নয়ন প্রকল্পে এমইএল অ্যান্ড এমআইএস/সফটওয়্যারে ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১১ | পিওন/গার্ড<br>বেতন (সর্বসাকূল্যে): ৩৫,৩০০/- টাকা<br>বয়স: সর্বোচ্চ ৪০ বছর | (ক) ন্যূনতম এসএসসি পাস।<br>(খ) গার্ড পদের জন্য প্রার্থীর শারীরিক সক্ষমতা থাকতে হবে।<br>(গ) পিওন পদের জন্য অফিস পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। |

**২। নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. ০১/০৬/২০২৬ তারিখে প্রার্থীর বয়স প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।

খ. এসডিএফ-এর সকল প্রকল্পের স্টাফ (বি-স্ট্রং প্রকল্প ব্যতীত) এবং বর্ণিত শর্তাবলি অনুযায়ী যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণ আবেদন করার যোগ্য হবেন।

গ. এসডিএফ-এর স্টাফদের ক্ষেত্রে সকল পদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৫৭ (সাতান্ন) বছর।

ঘ. ক্রমিক নম্বর ১১ (এগারো) ব্যতীত কোনো পদে শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।

ঙ. এসডিএফ থেকে পূর্বে বরখাস্ত ও চাকরিচ্যুত প্রার্থীরা আবেদন করার অযোগ্য হিসেবে গণ্য হবেন।

চ. মৌখিক পরীক্ষার সময় (i) অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের মূলকপি, (ii) প্রবেশপত্রের কপি, (iii) সকল সনদের একসেট সত্যায়িত ফটোকপি, (iv) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (v) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।

ছ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ. নিয়োগের ক্ষেত্রে প্রতিষ্ঠানের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে।

ঝ. এসডিএফ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার অধিকার সংরক্ষণ করে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**৩। বিভিন্ন পদের TOR সহ বিস্তারিত তথ্য জানার জন্য www.sdfbd.org – website টি ভিজিট করুন।**

**৪। Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://sdfbd.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দেওয়ার **শুরুর তারিখ ও সময়: ২৫ জুন ২০২৬ সকাল ১০.০০** ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমা প্রদানের **শেষ তারিখ ও সময়: ১৫ জুলাই ২০২৬ বিকাল ৫.০০** ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত ব্যক্তিগণ Online-এ আবেদন পত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB হতে হবে ও স্বাক্ষরের সাইজ সর্বচ্চো ৬০KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নম্বর ০১ হতে ০৬ নম্বর পর্যন্ত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নম্বর ০৭ হতে ১০ নম্বর পর্যন্ত পদের জন্য ১৫০/- (একপঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠারো) টাকাসহ সর্বমোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা এবং ১১ নম্বর ক্রমিক পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে**

**অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: **SDFBD<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: SDFBD ABCDEF** and send to 16222

Reply: Applicant's Name, Tk-223/168/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SDFBD<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS**: SDFBD<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: SDFBD YES 12345678** and send to 16222.

Reply: Congratulations Applicant's Name, payment Completed Successfully for **SDFBD** Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://sdfbd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

**SDFBD<space>Help<space>USER<space>User ID** and send to 16222.

Example: **SDFBD HELP USER ABCDEF** & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে:

**SDFBD<space>Help<space>PIN<space>PIN Number** and send to 16222.

Example: **SDFBD HELP PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এসডিএফ এর ওয়েবসাইট www.sdfbd.org এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sdfbd.org ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর হতে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল-এ ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: SDF , Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

**(মো: নুরুল আমিন)**
ব্যবস্থাপনা পরিচালক

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর ওয়েবসাইটে প্রবেশ-এর QR Code

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর টেলিটক পোর্টালে প্রবেশ-এর QR Code